


মাইগ্রেশনের সুযোগ দিয়ে বাড়ছে ফি

নিজস্ব প্রতিবেদক

৩০ মে ২০২২ ১২:০০ এএম | আপডেট: ৩০ মে ২০২২ ০৮:৫৯

এএম



advertisement

মাইগ্রেশনের সুযোগ দিয়ে ফি বাড়তে পারে সরকারি ২২ বিশ্ববিদ্যালয়ের গুচ্ছভর্তি পরীক্ষায়। প্রার্থীর কাছের কেন্দ্রেই পরীক্ষার সুযোগ থাকবে। আজ সোমবার ভর্তি কমিটির বৈঠকে পরীক্ষার দিনক্ষণ চূড়ান্ত হবে। ২০২০-২১ শিক্ষাবর্ষে প্রথমবারের মতো ২০টি সাধারণ এবং বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় গুচ্ছভর্তি পদ্ধতিতে অংশ নেয়। এবার আরও দুটি যুক্ত হয়েছে।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) উপাচার্য ও গুচ্ছভর্তি কমিটির যুগ্ম আহ্বায়ক অধ্যাপক ড. ইমদাদুল হক বলেন, শিক্ষার্থীদের ভোগান্তি লাঘব করার জন্যই গুচ্ছ পদ্ধতিতে ভর্তি করা হচ্ছে। কিন্তু অনেক ক্ষেত্রে দেখা যায় একজন শিক্ষার্থী জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্র পছন্দ দিলেও তাকে দূরের একটি বিশ্ববিদ্যালয়ে পরীক্ষার জন্য পাঠিয়ে দেওয়া হয়। সেটি যাতে না হয় তাই আমরা চাচ্ছি এবার শিক্ষার্থীরা আবেদনে একটি কেন্দ্র (বিশ্ববিদ্যালয়) চয়েস দেবে এবং সেই কেন্দ্রই ঠিক করবে তারা কোথায় তার (পরীক্ষার) ব্যবস্থা করবে। গতবার শিক্ষার্থীদের পরীক্ষার কেন্দ্র বাছাই দিতে হয়েছিল অনেকগুলো। কিন্তু এবার কেন্দ্র হিসেবে একটি বিশ্ববিদ্যালয় বাছাই করতে বলা হবে। যে বিশ্ববিদ্যালয়ে কেন্দ্র পছন্দ থাকবে, সেই বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সিদ্ধান্ত নেবে কীভাবে তাদের ক্যাম্পাসে পরীক্ষা নেওয়া যায়। একটি কেন্দ্রের অধীনে আশপাশের স্কুল-কলেজে সিট পড়তে পারে। নিজ এলাকার বাইরে গিয়ে ভোগান্তি নিয়ে যেন পরীক্ষা দিতে না হয়, সেটাই আমাদের উদ্দেশ্য।

কমিটির সদস্য রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. শাহ আয়ম গণমাধ্যমকে জানান, আগে শিক্ষার্থীরা গুচ্ছ পদ্ধতির কোনো বিশ্ববিদ্যালয়ে ভর্তির পর তার পছন্দক্রমের ওপরের দিকের আরেকটি বিশ্ববিদ্যালয়ে ভর্তির সুযোগ পেলে তাদের পুনরায় ভর্তি হতে হতো। এজন্য তাদের দুটি বিশ্ববিদ্যালয়কে ভর্তির জন্য আলাদাভাবে ভর্তি ফি দিতে হয়েছে। তারা যেন একবার ফি দিয়েই সেই টাকা স্থানান্তর করতে পারে সেজন্য মাইগ্রেশনের কথা ভাবা হচ্ছে। শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ বলেন, আমরা চেষ্টা করছি ভর্তির পর মাইগ্রেশন হলে আবার টাকা দেওয়ার প্রয়োজন যাতে না হয় শিক্ষার্থীদের। আমরা এবার চেষ্টা করব একসঙ্গে ভর্তি কার্যক্রম চালাতে, যাতে ক্লাস শুরু করতে বিলম্ব না হয়।

গত শুক্রবার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের অফিসে গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়গুলোর উপাচার্যদের ভর্তিবিষয়ক প্রস্তুতিমূলক সভা হয়। সভা সূত্রে জানা গচ্ছে, গুচ্ছ পদ্ধতিতে এ বছর ভর্তি ফি কিছুটা বাড়বে। কত বাড়ছে সে বিষয়ে আজকের সভায় চূড়ান্ত সিদ্ধান্ত হবে। ২০২০-২১ শিক্ষাবর্ষে গুচ্ছ পদ্ধতিতে ভর্তির আবেদন ফি নেওয়া হয় ১ হাজার ২০০ টাকা। যা নিয়ে শিক্ষার্থী ও অভিভাবকদের মনে কিছুটা অসন্তোষ ছিল। কারণ এর আগের বছর ফি ছিল ৬০০ টাকা।

গত ৮ এপ্রিল গুচ্ছের সমন্বয় কমিটির সভায় এই পদ্ধতিতে সাধারণ, বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ইউনিটের ভর্তি পরীক্ষা ৩ সেপ্টেম্বর, ১০ সেপ্টেম্বর মানবিক আর সবশেষ ১৭ সেপ্টেম্বর বাণিজ্য অনুষদের পরীক্ষা নেওয়ার সিদ্ধান্ত হয়। এখন এই সূচি কিছুটা এগিয়ে আনা হচ্ছে। সেশনজট কর্মাতে পরীক্ষা এক-দেড় মাস এগিয়ে আনা হতে পারে।